একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

"প্রোগ্রাম ফর সাপোর্টিং রুরাল ব্রিজেস"
আগারগাঁও, শেরে-বাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং- ৪৬.০২.০০০০.৯২৭.১৪.০০৯.১৯.৬৭২- ৬৭২ | তারিখ : ০৩/০৯/২০২০ইং

প্রতি,

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ব্রিজ ডিজাইন)
ডিজাইন ইউনিট, এলজিইডি,
সদর দপ্তর, ঢাকা।

বিষয়: "Program for Supporting Rural Bridges (SupRB)"-এর আওতায় ৫০মিটার বা তদূর্দ্ধ নতুন ব্রিজ বাস্তবায়ন প্রসংগে।

সূত্র: প্রকল্পের "Program Appraisal Document (PAD)"-এর ৯০ (e) নং অনুচ্ছেদ মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জিওবি ও বিশ্বব্যাংকের যৌথ সহায়তায় বাস্তবায়িত "Program for Supporting Rural Bridges (SupRB)"-এর আওতায় Minor, Major, Rehabilitation, Capacity Expansion, Replacement এবং New Construction -এর অধীনে উপজেলা ও ইউনিয়ন সড়কসমূহে ৬মি. উর্দ্ধের ব্রিজ/কালভার্ট মেরামত এবং ব্রিজের পুন:নির্মাণ/নতুন নির্মাণ কাজ বাস্তবায়ন করা হবে। এলক্ষ্যে এলজিইডি'র ডিজাইন ইউনিটের সহায়তায় প্রকল্পের নির্ধারিত ক্যাটালগ অনুসারে ব্রিজ/কালভার্ট সমূহের পূর্তকাজের ধরণ এবং পুনর্বাসন/সক্ষমতা বৃদ্ধি/পুন:নির্মাণ/নতুন নির্মাণের ক্ষেত্রে প্লান ও ডিজাইন প্রনয়নের কার্যক্রমসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়িত হচ্ছে।

উপরোক্ত বর্ণনার পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রকল্পের গাইডলাইন অনুযায়ী নির্ধারিত শর্ত পালনের মাধ্যমে প্রতিটি স্কীমের কাজ বাস্তবায়নের পর আইএমইডি'র প্রত্যয়নপত্র সংগ্রহকরত: চূড়ান্ত বিল প্রদান করতে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীগণকে নির্দেশনা দেয়া হয়েছে যার ব্যত্যয় ঘটলে জটিলতা সৃষ্টি হবে। এরূপ কতিপয় শর্তসমূহের মধ্যে গুরুত্বপূর্ণ শর্ত হচ্ছে Structural Review (SR)-এর মাধ্যমে প্রকল্পের নির্ধারিত ক্যাটালগ অনুযায়ী বিদ্যমান ব্রিজ/কালভার্টের Type of Intervention (পূর্তকাজের ধরণ) নির্বাচন করা। এছাড়া সূত্রে উল্লেখিত অনুচ্ছেদ মোতাবেক ৫০মিটার বা তদূর্দ্ধ নতুন ব্রিজ বাস্তবায়নের ক্ষেত্রে ডিজাইন প্রনয়নের পূর্বে সাইটে স্থানীয় এলজিইডি'র ষ্টাফ ও প্রকল্পে কর্মরত মাঠ পর্যায়ের পরামর্শকবৃন্দের তত্ত্বাবধানে Public Consultation-এর মাধ্যমে ডিজাইন সংক্রান্ত নিম্নোক্ত ইস্যুসমূহের বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করে প্রণীত রেজুলেশন থাকা স্বাপেক্ষে ডিজাইনের কাজটি করতে হবে।

- Free board for facilitating movement of water transport;
- Any climate change related issues;
- Bridge location and Approach road;
- Inclusion of footpath in a bridge end;
- Inclusion of gender related requirement and
- Others issues (if necessary) governing bridge design parameters.

এ লক্ষ্যে প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য আইএমইডি কর্তৃক Future Verification-এর স্বার্থে ৫০মিটার বা তদূর্দ্ধ নতুন ব্রিজের প্লান ও ডিজাইনের সাথে জেলা নির্বাহী প্রকৌশলী কর্তৃক প্রেরিত Public Consultation-এর রেজুলেশন সংযুক্ত থাকা প্রয়োজন। এছাড়া Major, Rehabilitation, Capacity Expansion, Replacement এবং New Construction-এর আওতায় RSDMS Software-এর Bridge/Culvert Inspection ফর্ম পূরণ করত: ক্যাটালগ অনুযায়ী জনাব ভাস্কর কান্তি চৌধুরী, নির্বাহী প্রকৌশলী, ডিজাইন ইউনিট নেতৃত্বাধীন Structural Review কমিটি'র প্রতিবেদনও সংযুক্ত থাকা প্রয়োজন।

এমতাবস্থায়, প্রকল্পের আওতাধীন পূর্তকাজের ধরন চিহ্নিতকরণের লক্ষ্যে Structural Review কমিটি'র প্রতিবেদন এবং ৫০মিটার বা তদূর্দ্ধ নতুন ব্রিজের ক্ষেত্রে কেবলমাত্র Public Consultation-এর রেজুলেশন বিবেচনাপূর্বক ব্রিজের প্লান ও ডিজাইন অত্র দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

**বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।**

৩/৯/২০২০

(মো: শাহজাহান মোল্লা)
প্রকল্প পরিচালক ও
অতিরিক্ত প্রধান প্রকৌশলী
ফোন: ০২-৯১২৯১০০
ই-মেইল: pd.suprb@lged.gov.bd

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে:**

১। প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পল্লী অবকাঠামো উন্নয়ন ও ব্যবস্থাপনা ইউনিট), এলজিইডি, ঢাকা।
৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, বিভাগ: ......................।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, অঞ্চল: ......................।

**অনুলিপি কার্যার্থে:**

১। জনাব ভাস্কর কান্তি চৌধুরী, নির্বাহী প্রকৌশলী, ডিজাইন ইউনিট ও আহ্বায়ক, SR Committee। তাঁকে নতুন ব্রিজের প্লান ও ডিজাইনের সাথে Structural Review কমিটি'র প্রতিবেদন সংযুক্ত করার জন্য অনুরোধ করা হলো।

**অনুলিপি কার্যার্থে:**

১। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা: ...........................।
২। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা: ......................., জেলা: .......................।
৩। Bridge Maintenance Engineer/Survey Specialist, অঞ্চল: .......................।
৪। Field Resident Engineer, জেলা: .......................।

তাঁদেরকে ৫০মিটার বা তদূর্দ্ধ নতুন ব্রিজের ডিজাইন প্রণয়নের পূর্বে Public Consultation সংক্রান্ত সভা আহবানপূর্বক রেজুলেশন প্রস্তুত করে তার কপি তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ব্রিজ ডিজাইন), ডিজাইন ইউনিট, এলজিইডি, ঢাকা এবং প্রকল্প পরিচালকের দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।